দৈনিক বাংলা



তারিখ ... ৪।৭।৮২ ...
পৃষ্ঠা ... ... কলাম ...



গত রোববার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের সেমিনার কক্ষে মাইক্রো কম্পিউটারের উপর এক বিশেষ কোর্সের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর ডঃ আবদুল মতিন পাটোয়ারী

# মাইক্রো কম্পুটার প্রয়োগ কোর্স

'ব্যবহারিক ক্ষেত্রে মাইক্রো প্রসেস এবং মাইক্রো কম্পুটারের প্রয়োগ' বিষয়ক সপ্তাহব্যাপী এক নিবিড় কোর্স রোববার থেকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে আরম্ভ হয়েছে। তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগ আয়োজিত এই কোর্সের উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ আবদুল মতিন পাটওয়ারী। বিশ্ববিদ্যালয় সেমিনার কক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর বলেন, বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে এ ধরনের কোর্সের আয়োজন অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় উন্নয়নে এই কোর্স সুদূরপ্রসারী অবদান রাখবে বলে তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের প্রধান প্রফেসর ডঃ সামসুদ্দিন আহমদ। ক্যালিফোর্নিয়া স্টেট বিশ্ববিদ্যালয়ের কম্পুটার কৌশল বিভাগের প্রফেসর ডঃ মোহাম্মদ রফিকুজ্জামান এই কোর্সে অতিথি বক্তা হিসেবে উপস্থিত থাকবেন।